দৈনিক ইত্তেফাক

তারিখ 10 MAR 2008
পৃষ্ঠা ৭৬ কলাম ৩

# শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভুক্তিতে আইন হচ্ছে

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তিতে নতুন আইন করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। রবিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সূত্র জানায়, শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির বিষয়ে কোন আইন নেই। একটি সাধারণ সার্কুলারের মাধ্যমে দীর্ঘদিন থেকে এমপিও করা হচ্ছে। এছাড়া সভায় (১৫শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## শিক্ষা প্রতিষ্ঠান

(১৬শ পৃঃ পর)

আগামী ৩০ মার্চের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ সকল প্রতিষ্ঠানকে জমা থাকা কাজ শেষ করার নির্দেশ দেয়া হয়েছে। নির্ধারিত তারিখের মধ্যে কাজ শেষ করতে না পারলে, না পারার কারণ ও কাজের অগ্রগতি শিক্ষা মন্ত্রণালয়ে জানাতে হবে।

যে সব কর্মকর্তা একই স্থানে তিন বছরের অধিক কর্মরত রয়েছে তাদের বদলি করা হবে। সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) পুনর্গঠনের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা হয়।